



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

প্রবীন জননেতা আবু ছালেহকে দেখতে যান মেয়র

চট্টগ্রাম-২৩ জুন'২০২১খ্রিঃ

জাতীয় সংসদের তৎকালীণ এমএনএ বাংলাদেশ আওয়ামী লীগের দক্ষিণ জেলার সাবেক সাধারণ সম্পাদক দীর্ঘ দিন অসুস্থ প্রবীন জননেতা আবু ছালেহ কে আজ বুধবার বিকেলে তাঁর মোমিন রোডস্থ বাসভবনে দেখতে যান সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। তিনি অসুস্থ নেতার শারিরিক অবস্থার খোঁজ-খবর নেন এবং মহন আল্লহর দরবারে তাঁর সুস্থ্যতার জন্য দোয়া করেন। সে সময় মেয়রের সাথে উপস্থিত ছিলেন-দক্ষিণ জেলা আওয়ামী লীগ নেতা ও জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কাজী মোহাম্মদ আবু তৈয়ব, কলামিস্ট ড. মাসুম চৌধুরী ও সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা কালাম চৌধুরী।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

সিটি মেয়রের সাথে বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদের নেতৃবৃন্দে সাক্ষাত

জ্ঞান ও প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে

প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে

চট্টগ্রাম-২৩ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে আজ বুধবার সকালে টাইগারপাসস্থ তাঁর কার্যালয়ে বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদের নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে মেয়র বলেন, জ্ঞান ও প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা আমরা প্রত্যেকই জানি। মনে রাখতে হবে শিক্ষা শুধু সার্টিফিকেট বা সনদ অর্জন নয়, কর্ম ও সৃজনশীলতা নিশ্চিত করতে সাদারণ শিক্ষা, প্রকৌশল ও প্রযুক্তি চেতনা নির্ভর হতে। তাই শিক্ষিতরা বেকার থাকবেনা। তখন যে-কেউ কর্মসংস্থানে ব্যবস্থা নিজেরাই কবে নিতে পারবে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে যে মাত্রায় উন্নীত করেছেন এই পথে প্রকৌশল ও প্রযুক্তি জ্বান খুবই প্রাণিধান যোগ্য। তাই সাধারণ শিক্ষা সহজলভ্য হলেও তা কখনো আত্মনির্ভরশীলতা এবং সমৃদ্ধ জাতি গঠনে অবদান রাখে না। তিনি প্রকৌশলীদের দেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে সততা ও স্বচ্ছতা জাতির জন্য নিবেদিত হবার আহ্বান জানান। পরে বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদের নেতৃবৃন্দ মেয়রকে ট্রেস্ট প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন-বাংলাদেশ আওয়ামী যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য সৈয়দ মাহমুদুল হক, প্রকৌশলী প্রদীপ কান্তি বিশ্বাস, মুক্তিযোদ্ধা পিনাকী দাশ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব দেওয়ান মাকসুদ আহমদ, পীযুষ কান্তি বিশ্বাস, মো. রেজাউল করিম লিটন প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি-৩)

চসিকের রাজস্ব সার্কেল ৫ পরিদর্শনে মেয়র রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম-২৩ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ বুধবার বিকেলে দামপাড়াস্থ চসিকের রাজস্ব সার্কেল-৫ পরিদর্শনে যান। পরিদর্শনকালে মেয়র কর আদায়ের বিষয়ে অবহিত হন এবং গত বছরের তুলনায় এবার ২ কোটি টাকার বেশী কর আদায় হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তিনি কর আদায়ে আরো আন্তরিক হওয়ার জন্য কর্মকর্তা কর্মচারীদের নির্দেশা প্রদান করেন।

রাজস্ব সার্কেল ৫ এর কর কর্মকর্তা এ.কে.এম সালাউদ্দিন মেয়রকে স্বাগত জানান। এরপর মেয়র পুরো অফিস ঘুরে দেখেন। তিনি পরিদর্শনকালে দপ্তরটির কিছু কিছু অংশে ভণ্ডুর অবস্থা দেখে ক্ষোভ প্রকাশ করেন এবং সেগুলো দ্রুত মেরামতের জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দেন। পরে মেয়র দামপাড়াস্থ চসিক রেস্ট হাউজের মেরামত কাজও প্রত্যক্ষ করে কর্মকর্তাদের কিছু দিক নির্দেশনা প্রদান করেন।

সে সময় উপস্থিত ছিলেন-প্রধান রাজস্ব কর্মকর্ত মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, রাজস্ব কর্মকর্তা শাহিদা ফাতেমা চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) সুদীপ বসাক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) বুলন কুমার দাশ, নির্বাহী প্রকৌশলী মো. রেজাউল বারী ভূঁইয়া, মির্জা ফজলুল কাদের, লাইসেন্স কর্মকর্তা মোহাম্মদ ইউসুফ, দিদারুল আলম খান, কামরুল ইসলাম প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি-৪)

চসিকের রাজস্ব সার্কেল ৪ ও ৫ এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
বকেয়া হোল্ডিং ট্যাক্স বাবদ প্রায় ১৭ লাখ টাকা আদায়

চট্টগ্রাম-২৩ জুন'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার রাজস্ব সার্কেল-৪ ও ৫ এর আওতাধীন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের লক্ষ্যে রাজস্ব সার্কেল-৪ এর আওতাধীন আলকরন ও সদরঘাট এলাকায় হোল্ডিং ট্যাক্স বাবদ ৯ লাখ ০৮ হাজার ২শত ৫৮টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ১ লাখ ১১ হাজার ৮শত ৭৫ টাকা এবং রাজস্ব সার্কেল-৫ এর আওতাধীন জামালখান ও পাঠানটুলী এলাকায় হোল্ডিং ট্যাক্স বাবদ ৫ লাখ ৫০ হাজার টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ১ লাখ ১১ হাজার টাকাসহ সর্বমোট হোল্ডিং ট্যাক্স বাবদ ১৪ লাখ ৫৮ হাজার ২শত ৫৮ টাকা ও ট্রেড লাইসেন্স ফি বাবদ ২ লাখ ২২ হাজার ৮শত ৭৫টাকা আদায় করা হয়। উভয় অভিযানে ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা দায়ে তিনটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সিটি কর্পোরেশনের বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়কল্পে এ অভিযান অব্যাহত থাকবে। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেসাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে পৃথক পৃথক ভাবে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), চট্টগ্রাম সিটি কর্পোরেশন, মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩